# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

আগষ্ট/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২২ আগষ্ট ২০২৪ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে যারা শহীদ হয়েছেন, তাদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং যারা অসুস্থ আছেন তাদের দ্রুত সুস্থতা কামনা করে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম অধিকাংশ ক্ষেত্রেই বর্ষা মৌসুমের কারণে বন্ধ রয়েছে। আগামী সেপ্টেম্বর ২০২৪ মাসের দিকে বৃষ্টি কমে গেলে পুরোদমে কাজ শুরু হবে মর্মে তিনি আশা প্রকাশ করেন।<br>তিনি আরো জানান যে, অদ্যাবদি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে কোন থোক বরাদ্দ পাওয়া যায়নি। তবে শীঘ্রই পাওয়া যাবে মর্মে তিনি আশা প্রকাশ করেন। অতএব ২০২৪-২০২৫অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুযায়ী খাত ওয়ারী প্রকল্প প্রস্তাব প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান ও দপ্তর প্রধান গণের দৃষ্টি আকর্ষন করেন এবং আগামী মাসিক সভায় প্রস্তাবনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে বিদ্যমান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যান মহোদয় গণের জন্য ২টি ডুপ্লেক্স ভবন রয়েছে। উক্ত ভবন ২টি ১৯৮৫ সালের দিকে নির্মিত হয়েছিল মর্মে জানা যায়। বর্তমানে ভবন ২টি অত্যন্ত জরাজীর্ণ অবস্থায় রয়েছে। যার মধ্যে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনটি সম্পূর্ণ জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছে এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনটি বেশ ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। ভবন ২টি উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গঠিত ৩ সদস্যের কমিটি সরেজমিন পরিদর্শন করে কনডেমনেশন করার পক্ষে মতামত দিয়ে একটি কার্যপত্র স্বাক্ষর | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়গণের ভবন ২টি কনডেমনেশন ঘোষনা করার জন্য কারিগরি | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেছেন। সে মোতাবেক কনেডম ঘোষনা পূর্বক নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে ভবন ২টির পুরাতন মালামলের মূল্য নির্ধারণ করা হয়েছে।<br><br>উপজেলা পরিষদের ইউটিডিসি ভবনের চারদিকের এপ্রোন জরুরী ভিত্তিতে মেরামতের জন্য ১,২৩,৫০০.০০ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহার ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে করা যেতে পারে মর্মে উপজেলা প্রকৌশলী জানান। | কমিটির প্রস্তাব ও নির্ধারণকৃত পুরাতন মালামালের মূল্য পরিষদ কর্তৃক অনুমোদন পূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা পরিষদের ইউটিডিসি ভবনের চারদিকের এপ্রোন জরুরী ভিত্তিতে মেরামতের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮,৬৭৬জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫২০ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ২৭৪৪ জন, নরমাল প্রসব সেবা ৫২ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৭২ টি, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৪৮০.আরবিএস ১৩৫। তিনি আরও বলেন, হাসপাতালে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত ৭৮ জন ছাত্র জনতাকে বর্হি:বিভাগ ও অর্ন্ত:বিভাগে চিকিৎসা সেবা প্রদান করেন। | বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে আহত ৭৮ জন ছাত্র জনতাকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান,বর্তমান রোপা আমন মৌসুমে ১১,৭১৬ হেক্টর জমিতে রোপা আমনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। এ পযৃন্ত ৯৮২০ হেক্টর জমিতে ধান রোপন হয়েছে যা মোট লক্ষ্যমাত্রার ৮৪ শতাংশ। বর্তমান বন্যা পরিস্থিতি অবনতি হওয়ায় ১১৩৪৫ হেক্টর রোপা আমন, ১৮ হেক্টর বীজতলা এবং৬৫ হেক্টর শাকসবজি নিমজ্জিত | বন্যার্ত কৃষকদের সহযোগিতা করার জন্য কৃষি সম্প্রসারন অধিদপ্তর এবং | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। বর্তমান পরিস্থিতিতে রোপন কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। আউশ মৌসুমেও তিন বার বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় লক্ষ্যমাত্রার মান ৫৫ শতাংশ অর্জিত হয়। | উপজেলা পরিষদের সম্মিলিত সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভূমি/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, আমাদের উপজেলায় একটি সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার রয়েছে। কার্প জাতীয় মাছ যেমন রুই, কাতলা, মৃগেল, গ্রাস কার্পের পোনা খামার থেকে আগ্রহী মৎস্যচাষীরা ক্রয় করতে পারবেন। বিষয়টি মৎস্যচাষিদের জানানোর জন্য অনুরোধ করা হয় এবং এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপস্থিত সকল কর্মকর্তা ও চেয়ারম্যানগণ স্ব স্ব অধিক্ষেত্রে এ বিষয়ে মৎস্য চাষীদের উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসের গবাদি পশুর চিকিৎসা ২০৭৫টি, হাঁস মুরগীর চিকিৎসা ১২০৯৯ টি, কৃত্রিম প্রজনন ১৮৬ টি, গবাদি পশুর টিকা প্রদান ২৯০০ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ২১৮০০ টি, উন্নত জাতের ঘাস চাষ ২ একর, উঠান বৈঠক আয়োজন ৬ টি, ভেক্সিনেশন ক্যাম্পেইন ৫, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম ০২ টি। তাছাড়া ২০২৪-২৫ অর্থবছরের জন্য বরাদ্দকৃত সরকারি ঔষধ অদ্যাবধি অত্র দপ্তরে পৌছে নাই বিধায় সেবা প্রত্যাশী খামারীদের কোন ঔষধ সরবরাহ করা যাচ্ছে না। | উঠান বৈঠকের স্থির চিত্র সহ তথ্য আগামী সভার ৭ দিন পূর্বে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, আসন্ন দূর্গাপুজা উপলক্ষে গোলাপগঞ্জ উপজেলার সকল পূজা মন্ডপ সমূহের তালিকা ও তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | গোলাপগঞ্জ উপজেলার সকল পূজা মন্ডপ সমূহের তালিকা প্রস্তুত করে দ্রুত সময়ের মধ্যে প্রেরন নিশ্চিত করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সকল প্রাথমিক বিদ্যালয়ে আগামী ১২/০৯/২০২৪ তারিখ হতে দ্বিতীয় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা শুরু হবে। | প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বৈষম্য বিরোধী আন্দোলনে যারা আত্মাহুতি দিয়েছেন তাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং ছাত্র জনতার এই বৈপ্লবিক পরিবর্তনে অত্র দপ্তর যাবতীয় কার্যাদি বিধি মোতাবেক সম্পন্ন করার প্রত্যয় ব্যক্ত করেন। উন্নয়ন বাজেটের শিক্ষাখাতে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। | বৈষম্য বিরোধী আন্দোলনে আত্মাহুতি ছাত্রজনতার বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোক প্রস্তাব পরিষদ সভায় গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি , ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপের সংখ্যা এবং বন্টনকৃত নলকুপের সংখ্যা সহ একটি তালিকা | ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত নলকূপ এবং বন্টনকৃত নলকুপ | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আগামী সভার ৭ দিন পূর্বে দাখিলের জন্য অনুরোধ জানান। | এর তালিকা আগামী সভার ৭ দিন পূর্বে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পেরোল প্রেরণের প্রক্রিয়া শুরু হয়েছে। এ ব্যাপারে সম্মানিত সকল ইউপি চেয়ারম্যানগণের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। ইতোমধ্যে যেসব ভাতাভোগী মৃত্যুবরন করেছেন, স্থানান্তর হয়েছেন; বিধবা ভাতাভোগী যারা পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন; সেসব উপকারভোগীর ভাতা প্রতিস্থাপনের জন্য দ্রুত তাদের তালিকা ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ সমাজসেবা কার্যালয়ে ৯/৯/২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। তাছাড়া ২০২৪-২৫ অর্থবছরের প্রথম কিস্তির পেরোল প্রেরণের পূর্বে প্রত্যেক উপকারভোগীকে লাইভ ভেরিফিকেশনের জন্য ইউপি এ ওয়ার্ডভিত্তিক তালিকা অনুযায়ী ডাকা হবে। এ বিষয়ে সকল চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। | ইউনিয়ন কমিটির রেজুলেশন সহ তালিকা আগামী সভার পূর্বে সভাকে অবহিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা মোট ৪২০ জনকে দেয়ার লক্ষ্যমাত্রা আছে এপিএ মোতাবেক। সেই মোতাবেক সেপ্টেম্বর ২৪ মাসের ১ টি ব্যাচ প্রশিক্ষন করানোর জন্য তালিকা প্রনয়ন চলছে। তাছাড়া প্রাতিষ্ঠানিক প্রশিক্ষনের জন্য জেলা প্রশিক্ষন কেন্দ্রে ভর্তির জন্য সকল ইউপি চেয়ারম্যানদের যুব/যুব নারীদের উদ্বুদ্ধকরন ও যুবদের উপজেলা অফিসে প্রেরণের পরামর্শ জানানো হয়। | আগামী সভার পূর্বে যুব/যুব নারীদের প্রশিক্ষনের তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। এমতাবস্থায় ২০২৩-২৪ অর্থ বছরের উপকারভোগী দের তালিকা আগামী সভার পূর্বে দাখিলের জন্য সভাপতি অনুরোধ জানান। | ২০২৩-২৪ অর্থ বছরের উপকারভোগী দের তালিকা আগামী সভার ৭ দিন পূর্বে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, এ বিভাগ হতে শতভাগ অডিটসেস ও সিডিএফ আদায় করা হয়েছে। বিগত মাসে আইজিএ ০২ মাস ব্যাপী মোটর ড্রাইভিং কোর্সে ২০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। | অডিটসেস ও সিডিএফ আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, ওএমএস কার্যক্রম চলমান, প্রতিদিন বিক্রয় দিবসে ১ মে.টন চাল এবং ১ মে.টন আটা ২ টি কেন্দ্রে বিক্রয় করা হয়। প্রতি কেজি চালে বিক্রয় মূল্য ৩০ টাকা এবং প্রতি কেজি আটার বিক্রয় মূল্য ২৪ টাকা। আগামী সেপ্টেম্বর/২৪ মাসে খাদ্য বান্ধব কর্মসূচিতে চাল বিক্রয় শুরু হবে। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৩-২৪ অর্থবছরের মাতৃত্বকালীন ভাতা, সেলাই মেশিন বিতরন এবং প্রশিক্ষন কার্যক্রমের তালিকা সভাকে অবহিতকরনের বিষয়ে সভাপতি অনুরোধ জানান। | ২০২৩-২৪ অর্থবছরের মাতৃত্বকালীন ভাতা, সেলাই মেশিন বিতরন এবং প্রশিক্ষন কার্যক্রমের তালিকা আগামী সভার ৭ দিন পূর্বে সভাকে অবহিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। বনবিভাগের সার্বিক কার্যক্রমের স্থির চিত্র আগামী সভার ৭ দিন পূর্বে প্রেরন সহ সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য সভাপতি অনুরোধ করেন। অন্যথায় বিভাগীয় বন কর্মকর্তাকে অবহিত করা হবে। | বনবিভাগের সার্বিক কার্যক্রমের স্থির চিত্র আগামী সভার ৭ দিন পূর্বে প্রেরন সহ সভায় উপস্থিতি নিশ্চিত করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বকেয়া বিদ্যুৎবিল পরিশোধের ব্যাপারে সকলকে অনুরোধ জানান। | সঠিক সময়ে বিদ্যুৎবিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, জুলাই মাসের কিস্তি বাবদ আদায় ১.০৬ লক্ষ টাকা, সঞ্চয় বাবদ আদায় ৫.২৪ লক্ষ টাকা বিতরন ৯৮.৮০ লক্ষ টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, জুলাই/২৪ মাস পর্যন্ত ঋণ বিতরন ১১ লক্ষ ৫০ হাজার টাকা, ঋণ আদায় ১৯ লক্ষ ৪২ হাজার টাকা। হার ৭৫%। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। এমতাবস্থায় বিএডিসি সেচকে আগামী ৭ দিনের মধ্যে কার্যপত্র প্রেরণ সহ সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য সভাপতি অনুরোধ করেন। | বিএডিসি সেচকে আগামী ৭ দিনের মধ্যে কার্যপত্র প্রেরণ সহ সভায় উপস্থিতি নিশ্চিত করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান সভায় জানান, অর্থনৈতিক শুমারী ২০২৪ এর লির্স্টিং কার্যক্রমে যেসব লিস্টার কাজ করেছে তাদের প্রত্যেকের বিকাশ একাউন্টে গত ১৯/০৮/২৪ তারিখে কেন্দ্রিয় সার্ভার থেকে প্রেরণ করা হয়েছে। সেম্পল ভাইটাল রেজিষ্ট্রেশন সিস্টেম প্রকল্পের আওতায় জনশুমারী ও গৃহগণনা ২০২২ এর উপর ভিত্তি করে জনশুমারীর মধ্যবর্তী সময়ে জন্ম , মৃত্যু, বিবাহ, তালাক, স্থানান্তর, গর্ভবতী এর মাধ্যমে উপজেলার ৪ টি পি এস ইউ থেকে সংগ্রহ করা হবে। | জনশুমারী ও গৃহগণনা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরিসংখ্যান কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ পরিসংখ্যান কর্মকর্তা / সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৩ | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি সভায় ক) ৭ নংওয়ার্ড নওয়াই চক গ্রামে রাস্তার কাজে ঠিকাদার কর্তৃক গাফিলতি হওয়ায় চলাচলের অনুপযোগী হয়েছে এবং একটি জায়গায় ভেঙ্গে গেছে জরুরী সংস্কার প্রয়োজন। খ) মাধ্যমিক শিক্ষা খাতের অব্যবস্থাপনা রোধে নিয়মিত মনিটরিং কার্যকর করার এবং গ) চতুর্থ দফায় বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের রক্ষায় জরুরী প্রনোদনার প্রস্তাব উত্তাপন করেন। | ক), খ),গ) সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা প্রকৌশলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা কে সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামী সভায় অবহিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা কৃষি অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | চেয়ারম্যান, বাদেপাশা ইউপি | চেয়ারম্যান, বাদেপাশা ইউপি সভায় ক) এলজিইডির চলমান কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা করা খ) ভাতা ভোগীদের টাকা প্রাপ্তির ক্ষেত্রে হয়রানি বন্ধ করা গ) কৃষি বাধ নির্মাণ ঘ) শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করনের ব্যবস্থা গ্রহন এবং ঙ) এলজিএসপির বরাদ্দ পুনরায় চালু হওয়ার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে প্রস্তাব উত্তাপন করেন। | ক),খ) , গ) ও ঘ) সংশ্লিষ্ট বিষয়ে উপজেলা প্রকৌশলী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা কৃষি অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার/উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | অনুরোধ করা হলো এবং ৬) সংশ্লিষ্ট বিষয়ে উপপরিচালক, স্থানীয় সরকার শাখার দৃষ্টি আকর্ষন করত: জেলা প্রশাসক, সিলেট বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে। | |
| ২/২৫ | চেয়ারম্যান, ঢাকাদক্ষিন ইউপি | চেয়ারম্যান, ঢাকাদক্ষিন ইউপি সভায়, ঢাকাদক্ষিন ইউনিয়নের কাকেশ্বরী নদীর চলমান কাজ অব্যাহত রাখার বিষয়ে প্রস্তাব উপস্থাপন করেন। | কাকেশ্বরী নদীর চলমান কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২৬ | বিবিধ | ক) পবিত্র ঈদ উল আযহা ২০২৪ উপলক্ষে উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত গত ১৬/৬/২৪ হতে ১৯/৬/২৪ পর্যন্ত ৪ জন আনসার সদস্যদের ০৪ দিনের মোট ভাতা ৯৯৪০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>খ) উপজেলা পরিষদের জীপ গাড়ির জুলাই/২৪-আগষ্ট/২৪ মাসের জ্বালানী বাবদ ২২,০৯১/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>গ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের সিসি ক্যামেরার যন্ত্রপাতি ক্রয় বাবদ ৭৫,০০০/-বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>ঘ) ভাইসচেয়ারম্যান জনাব মোঃ নাবেদ হোসেন এর জুন/২৪-আগষ্ঠ/২৪ মাসের ১৪৯০০/- এবং মহিলা ভাইসচেয়ারম্যান মিজ সেলিনা আক্তার শিলা এর জুন/২৪-আগষ্ঠ/২৪ মাসের ১৫,৪৮৪/- টাকার ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ক) ৪ জন আনসার সদস্যদের ০৪ দিনের মোট ভাতা ৯৯৪০/- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদের জীপ গাড়ির জুলাই/২৪-আগষ্ট/২৪ মাসের জ্বালানী বাবদ ২২,০৯১/- টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের সিসি ক্যামেরার যন্ত্রপাতি ক্রয় বাবদ ৭৫,০০০/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ঘ)ভাইসচেয়ারম্যান জনাব মোঃ নাবেদ হোসেন এর জুন/২৪-আগষ্ঠ/২৪ মাসের ১৪৯০০/- এবং মহিলা ভাইসচেয়ারম্যান মিজ সেলিনা আক্তার শিলা এর জুন/২৪-আগষ্ঠ/২৪ মাসের ১৫,৪৮৪/- টাকার ভ্রমন বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ২০২৩-২৪ অর্থবছরের অব্যয়িত অর্থ স্থানান্তর ১৩০৯৬১৫৪/- চেক নং ৮৪০৩৮৮১ তাং ১/৭/২৪। পরিচ্ছন্নতাকর্মী ও মালীর জুন/২৪ মাসের মজুরী বাবদ ৯৩৫০/- +৯৩৫০/- চেক প্রদান চেক নং ৮৪০৩৮৮৫-৬ তাং৩/৭/২৪। রাহেল আহমদ এর অনুকুলে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৭৫০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৫৮ তাং১৬.৭.২৪।রাহেল আহমদ এর অনুকুলে সিসি ক্যামেরা ক্রয় বাবদ৫০০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪০৫৯ তাং১৬.৭.২৪। রোমান আহমদ নোশাদ এর অনুকুলে পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪৭৫০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৬০ তাং১৬.৭.২৪।আব্দুল কাদিরের অনুকুলে পানির পাম্প বাবদ ৭৪৬০০/-চেক প্রদান চেক নং৮৪০৪০৬ তাং১৬.৭.২৪।রাহেল আহমদ এর অনুকুলে আসবাবপত্র ক্রয় বাবদ ৪৯০০০/- চেক প্রদান চেক নং৮৪০৪০৬২ তাং১৬.৭.২৪। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। জন্ম মৃত্যু নিবন্ধন বিষয়ে কাগজে কলমে বইয়ে যেভাবে আছে প্রত্যেকটি কাজ সেভাবে হবে। প্রথম নির্দেশনা হলো প্রত্যেকে যাতে জন্ম মৃত্যু নিবন্ধন আইডিটি ব্যবহার করে। স্বাস্থ্যসেবা খাতে নাগরিক সেবা যাতে ব্যাহত না হয় সে দিকে সুদৃষ্টি রাখার জন্য তিনি সবাইকে অনুরোধ করেন। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবং সততা ও নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে উন্নত সমৃদ্ধ দেশ গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

CamScanner

২২/৮/২৪

আলী রাজিব মাহমুদ মিঠুন
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৯৬৯ তারিখঃ ২২/০৮/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------- সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

২২/৮/২৪

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগনের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, ১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৫ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ২৪ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২৫ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ২৬ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | ফরেষ্টার সামাজিক বনায়ন কেন্দ্র | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | |
| ২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ৩ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | |
| ৪ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | |
| ৫ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | |

CS CamScanner